বাংলাদেশ সিভিল সার্ভিস উইমেন নেটওয়ার্ক (BCSWN)- এর কার্যনির্বাহী কমিটির চতুর্থ সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মোছাম্মৎ নাজমানারা খানুম
সভাপতি, বিসিএস উইমেন নেটওয়ার্ক
ও
সচিব, খাদ্য মন্ত্রণালয়।

সভার মাধ্যম : জুম কনফারেন্স।

তারিখ ও সময় : ১৫ অক্টোবর ২০২০, রাত ৮.০০ ঘটিকা।

সভার উপস্থিত সদস্য/ কর্মকর্তাদের তালিকা ‘পরিশিষ্ট-ক’ তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানান। তিনি বলেন, বর্তমানে করোনা মহামারী আতঙ্কে সারাবিশ্ব আতঙ্কগ্রস্ত। ইতোমধ্যে আমাদের কয়েকজন সহকর্মী মৃত্যুবরণ করেছেন, কেউ কেউ আক্রান্ত হয়ে সুস্থ হয়ে উঠেছেন। তিনি আতঙ্কগ্রস্ত না হয়ে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানান। তিনি ঘোড়াঘাটের উপজেলা নির্বাহী অফিসার ওয়াহিদা খানমকে সঠিক ও দ্রুত চিকিৎসা দিয়ে সুস্থ করে তোলার জন্য সংশ্লিষ্ট চিকিৎসকদের ও বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশন বিভিন্ন সময়ে যে ভূমিকা পালন করছে তার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। এরপর সভার এজেন্ডাসমূহ উপস্থাপনের জন্য মহাসচিব সায়লা ফারজানাকে অনুরোধ করেন।

সভাপতির অনুমতিক্রমে মহাসচিব প্রথমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী এবং সংযোজনী না থাকায় কার্যবিবরণী দৃঢ় করা হয়। এরপর তিনি এজেন্ডাসমূহ সভায় উপস্থাপন করেন। প্রত্যেকটি বিষয়ে সদস্যগণ তাঁদের মতামত তুলে ধরেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহন করা হয়।

২. গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতিঃ

ক্রম	বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	নেটওয়ার্কের সদস্যদের স্বাস্থ্য সেবা প্রদানের নিমিত্ত চলমান করোনা পরিস্থিতিতে বিসিএস উইমেন নেটওয়ার্কের সদস্যদের মধ্যে যদি কেউ করোনা আক্রান্ত হয় তাহলে করোনা আক্রান্ত সদস্যের করোনা পরীক্ষা, হাসপাতালে ভর্তি এবং অন্যান্য সেবা প্রাপ্তিতে যেন বিড়ম্বনায় পড়তে না হয় সে লক্ষ্যে স্বাস্থ্য ক্যাডারের সদস্যদের নিয়ে উপ কমিটি/ গ্রুপ গঠন করা।	করোনা পরিস্থিতিতে কোন সদস্য করোনা আক্রান্ত হলে তাঁদের তাৎক্ষনিক বিভিন্ন সেবা দেওয়ার লক্ষ্যে ‘Quick response team’ এবং একটি চিকিৎসক পুল গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।	গত ২১/০৭/২০২০ তারিখে ‘Quick response team’ এবং একটি চিকিৎসক পুল গঠন করা হয়েছে।

০২	করোনা সময়ে অনেক সদস্যই আছেন যারা ঘরে বসে আছেন, তেমন কোন কার্যক্রমে অংশগ্রহন করতে পারছেন না। সময়টাকে কাজে লাগানোর স্বার্থে নেটওয়ার্কের পক্ষ হতে নেটওয়ার্কের সদস্যদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন বিষয়ে ওয়েবিনারের আয়োজন করা।	ওয়েবিনারের মাধ্যমে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের উপর সেমিনার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	এ পর্যন্ত ৫ টি ওয়েবিনারের মাধ্যমে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের উপর সেমিনার আয়োজন করা হয়েছে।

বিষয় ১ : বিভিন্ন উপ কমিটি গঠন।

আলোচনাঃ মহাসচিব সায়লা ফারজানা বলেন, গত ১৯/০২/২০২০ তারিখের সভায় বিসিএস উইমেন নেটওয়ার্ক এর সার্বিক কাজের গতিশীলতা আনয়নের লক্ষ্যে এবং ইস্যুভিত্তিক বিভিন্ন কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের স্বার্থে বিভিন্ন উপ-কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। নির্বাহী কমিটির সদস্য ছাড়াও বিভিন্ন ক্যাডারের দক্ষ সদস্যদের আহ্বায়ক করে বিষয় ভিত্তিক উপকমিটি/ওয়াকিং গ্রুপ গঠন করার জন্য বিভিন্ন ক্যাডারের সদস্যদের নামের তালিকা সংগ্রহ করা হয়। কয়টি উপ-কমিটি গঠন করা হবে, সে কমিটিগুলোর প্রস্তাব কার্যনির্বাহী কমিটির সদস্যদের নিকট থেকে জানতে চাওয়া হলে সভায় উপস্থিত সকল সদস্য একে একে তাঁদের মতামত প্রকাশ করেন। সভাপতির অনুমতি ক্রমে অফিস কো-অর্ডিনেটর জানান যে, বিসিএস উইমেন নেটওয়ার্কের সাথে কাজ করতে আগ্রহী বিভিন্ন ক্যাডারের সর্বমোট ৮০ জনের নাম সংগ্রহ করা হয়েছে। এ প্রসঙ্গে মহাসচিব বলেন, প্রতিটি কমিটির আহ্বায়ক অথবা সদস্যসচিব কার্যনির্বাহী কমিটির মধ্য থেকে হতে হবে, তাহলে কার্যনির্বাহী কমিটি এবং উপকমিটির মধ্যে সমন্বয় করতে সুবিধা হবে। সহ-সভাপতি ফারহিনা আহমেদ বলেন, গবেষণা উপকমিটি, Crisis Management উপকমিটি, প্রচার ও প্রকাশনা উপকমিটি, Membership Growth উপকমিটি, সাংস্কৃতিক উপকমিটি, সাহিত্য উপকমিটি, আইসিটি উপকমিটি, Career Development উপকমিটি/ওয়ার্কিং গ্রুপ গঠন করা প্রয়োজন। তিনি এসব উপকমিটির আহ্বায়ক ও সদস্য সচিবসহ কমিটির সদস্যদের নামের প্রস্তাব আহবান করেন। সদস্যগণ স্বতঃস্ফুর্তভাবে বিভিন্ন ক্যাডারের আগহী কর্মকর্তাদের নাম প্রস্তাব করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্তভাবে ওয়ার্কিং গ্রুপ/উপকমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

গবেষণা উপকমিটি

আহ্বায়কঃ

১। বদরুন নেছা, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি।

সদস্যঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। ড. নাছিমা আকতার, উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

২। ইয়াসমিন খাতুন, পুলিশ সুপার, ট্যুরিস্ট পুলিশ।

৩। শাকিলা জেসমিন, যুগ্ম কমিশনার, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

৪। আরজিনা খাতুন, সহকারী কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)।

৫। ফরিদা পারভীন, অতিরিক্ত পুলিশ সুপার, নৌপুলিশ।
৬। শামছুন্নাহার, অতিরিক্ত পুলিশ সুপার, পুলিশ হেডকোয়ার্টার্স।
৭। মাসুমা ইউনুস, উপপরিচালক (ওমমই), এনএটিপি-২ প্রজেক্ট ডিএই, খামারবাড়ি, ঢাকা।
৮। মোছাঃ মাহবুবা খাতুন, অতিরিক্ত উপপরিচালক (ইক্ষু ও অন্যান্য ফসল), ক্রপস উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৯। নাজমুন নাহার হামিদ, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১০। সবনাজ আবন্তি, সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর।
১১। তানিয়া শারমিন খান, প্রভাষক, রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।

সদস্য সচিবঃ

১। ড. নাহিদা ফরিদী, প্রথম সচিব (শুল্ক), জাতীয় রাজস্ব বোর্ড ও উন্নয়ন ও গবেষণা বিষয়ক সম্পাদক, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

কমিটির কর্মপরিধিঃ

১। নারী কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি, কর্মক্ষেত্রে নানামুখি চ্যালেঞ্জ মোকাবেলার সক্ষমতা বৃদ্ধি, ব্যক্তিগত সুরক্ষা ইত্যাদি বিষয়ে গাইডলাইন/নির্দেশিকা প্রণয়নের নিমিত্ত কর্মসূচি গ্রহণের সুপারিশ করা;
২। বিভিন্ন পর্যায়ের নারী কর্মকর্তাদের চাকুরীক্ষেত্রে বিরাজিত সমস্যা চিহ্নিত করার জন্য গবেষণা মূলক কার্যক্রম পরিচালনা করার সুপারিশ করা;
৩। গবেষণা কার্যক্রম পরিচালনা করার জন্য সম্ভাব্য বাজেট প্রণয়ন করে মূল কমিটির নিকট দাখিল করা;
৪। উপকমিটি প্রয়োজনে সদস্য কো অপ্ট করতে পারবে।

Crisis Management উপকমিটি

আহ্বায়কঃ

১। ওয়াহিদা আক্তার, মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-২, প্রধানমন্ত্রীর কার্যালয়।

সদস্যঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। অধ্যাপক ড. ফেরদৌসি খান, অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
২। শাহানারা ইয়াসমিন লিলি, উপসচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
৩। রুমানা আক্তার, পুলিশ সুপার, সিআইডি, ঢাকা।
৪। ফারিয়া রফিক ভাবনা, সহকারী পুলিশ সুপার, পুলিশ হেডকোয়ার্টার্স।
৫। মোছাঃ মুসফিকা হাসনীন চৌধুরী, সিনিয়র সহকারী পরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, গাজীপুর।
৬। ফারজানা খানম, সিনিয়র সহকারী সচিব, কৃষি মন্ত্রণালয়।
৭। নাসরিন সুলতানা, জোনাল এক্সিকিউটিভ অফিসার, গাজীপুর সিটি কর্পোরেশন।

৮। হোসনে আরা রীনা, অতিরিক্ত উপপরিচালক (আমদানি) উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

৯। কামরুন্নাহার ডায়না, অতিরিক্ত উপপরিচালক (রফতানী), উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

১০। শাহানা আলম, সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

সদস্য সচিবঃ

১। শেখ মোমেনা মনি, যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ও কোষাধ্যক্ষ, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

কমিটির কর্মপরিধিঃ

১। নারী কর্মকর্তাদের সাধারণ সমস্যা, প্রতিকুলতা, সম্ভাবনা ইত্যাদি চিহ্নিত করা;

২। নারী কর্মকর্তাদের সমস্যা সমাধানের সময় প্রয়োজনে কর্মকর্তার সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর এর সাথে যোগাযোগ করে সমস্যা সমাধানের উদ্যোগ গ্রহণ করা;

৩। নেটওয়ার্কের সদস্যদের যেকোন সমস্যা সম্পর্কে অবহিত হওয়ার পর কমিটি তা পর্যালোচনা পূর্বক করণীয় সম্পর্কে সুপারিশ প্রনয়ণ করা;

৪। কমিটি প্রয়োজনে সদস্য কো অপ্ট করতে পারবে।

প্রচার ও প্রকাশনা উপকমিটি

আহ্বায়কঃ

১। মোছাঃ ফরিদা ইয়াসমিন, বিশেষ পুলিশ সুপার, স্পেশাল ব্রাঞ্চ (এসবি) , ঢাকা।

সদস্যঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। উম্মে নহিদা আক্তার, সহকারী কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।

২। ডাঃ আইরিন পারভীন আলম, সহযোগী অধ্যাপক (গাইনী বিভাগ), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ।

৩। ডাঃ মুসাররাত সুলতানা সুমি, সহকারী অধ্যাপক (গাইনী বিভাগ), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ।

৪। ডাঃ তানজিম রেবিকা, সহকারী অধ্যাপক (শিশু বিভাগ), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ।

৫। রুবিনা পারভীন, উপ-পরিচালক, বাংলাদেশ রেলওয়ে ঢাকা।

৬। নাহিদ আফরোজ লিজা, উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।

৭। ফৌজিয়া আখতার, উপজেলা কৃষি অফিসার (এল. আর), সংযুক্ত কন্ট্রোল রুম, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

৮। শাহানা ফেরদৌস, নির্বাহী প্রকৌশলী, সাসেক রোড কানেক্টিভিটি প্রজেক্ট, সড়ক ও জনপথ অধিদপ্তর।

৯। আলেয়া পারভীন, সহযোগী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), সরকারি সঙ্গীত কলেজ, আগাঁরগাও, ঢাকা।

১০। নাহিদা পারভীন, সহকারী অধ্যাপক (গণিত), সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।

১১। ডাঃ সাকিয়া হক, মেডিকেল অফিসার, সিভিল সার্জনের কার্যালয়, কক্সবাজার।

সদস্য সচিবঃ

১। সাবিহা ইয়াসমীন, পরিচালক-২, উপআঞ্চলিক সহযোগিতা সেল (এসআরসিসি), প্রধানমন্ত্রীর কার্যালয় ও যোগাযোগ, প্রচার ও তথ্য সম্পাদক, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

কমিটির কর্মপরিধিঃ

১। প্রতি বছর আন্তর্জাতিক নারী দিবসে একটি ‘স্বজন’ প্রকাশনা প্রকাশ এবং বিতরণ করা;

২। সাহিত্য উপকমিটির সাথে সমন্বয় পূর্বক ‘স্বজন’ এর জন্য লেখা নির্বাচন করা;

৩। অনুষ্ঠানের দাওয়াত কার্ড প্রস্তুত ও বিতরণ করা;

৪। ‘স্বজন’ প্রকাশনার সম্ভাব্য বাজেট প্রণয়ন করে মূল কমিটির নিকট দাখিল করা;

৫। নেটওয়ার্কের বিভিন্ন কার্যক্রম এবং সফলতা প্রচারের ব্যবস্থা গ্রহণ করা;

৬। কমিটি প্রয়োজনে সদস্য কো অপ্ট করতে পারবে।

Membership Growth উপকমিটি

আহ্বায়কঃ

১। মোসাম্মৎ শাহানারা খাতুন, যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

সদস্যঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সুরাইয়া জাহান, সিনিয়র সহকারী সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

২। ডাঃ মালা বণিক, সহযোগী অধ্যাপক (গাইনী বিভাগ), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ।

৩। ডাঃ রুনা আক্তার দোলা , সহকারী অধ্যাপক (গাইনী বিভাগ), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়।

৪। ডাঃ মুর্শিদা পারভীন, সহকারী অধ্যাপক (গাইনী বিভাগ), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ।

৫। ডাঃ রেজওয়ানা আফরিন তানিয়া, সহকারী রেজিস্টার (গাইনী বিভাগ), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ।

৬। নুসরাত জাহান, মনিটরিং অফিসার, বিএআরআই কর্তৃক উদ্ভাবিত চার ফসল ভিত্তিক শস্য বিন্যাস প্রযুক্তি সম্প্রসারণ কর্মসূচী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

৭। জেসমিন আক্তার, সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), ভাসানটেক সরকারি কলেজ, ঢাকা।

৮। মাহফুজা আক্তার টুকু, উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

৯। জয়িতা বিশ্বাস, সহকারী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।

১০। ডাঃ মুনমুন নাহিদ ইকবাল, মেডিকেল অফিসার, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।

সদস্য সচিবঃ

১। আছমা সুলতানা, উপসচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও সাংগঠনিক সম্পাদক, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

কমিটির কর্মপরিধিঃ

১। বিভিন্ন ক্যাডারের ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে সদস্য সংখ্যা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

২। সদস্য সংখ্যা বৃদ্ধির জন্য বিভিন্ন একাডেমিতে চিঠি প্রেরণ করার মাধ্যমে সদস্য সংগ্রহ করা;

৩। বিভিন্ন অনুষ্ঠানে সদস্য সংখ্যার অধিক উপস্থিতি নিশ্চিত করা;

৪। উপকমিটি প্রয়োজনে সদস্য কো অপ্ট করতে পারবে।

সাংস্কৃতিক উপকমিটি

আহ্বায়কঃ

১। অধ্যাপক ইন্দুপ্রভা দাস, উপাধ্যক্ষ, সরকারি সঙ্গীত কলেজ, ঢাকা।

সদস্যঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সাগরিকা নাসরিন, উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২। ফাহমিদা হক খান, উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

৩। শাহনাজ আক্তার রানু, পরিচালক (SEA), পররাষ্ট্র মন্ত্রণালয়।

৪। ফারহানা আহমেদ চৌধুরী, পরিচালক, পররাষ্ট্র মন্ত্রণালয়।

৫। আসমা বেগম রিটা, পুলিশ সুপার, টেলিকম।

৬। নুপুর দত্ত, সহযোগী অধ্যাপক (বাংলা), ভাসানটেক সরকারি কলেজ, ঢাকা।

৭। সোহেলী পারভীন, অতিরিক্ত উপপরিচালক (ইনচার্জ কন্ট্রোল রুম), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

৮। রেজওয়ানা রহমান তনু, উপজেলা কৃষি অফিসার (এল. আর), সংযুক্ত পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

৯। মোছাঃ খুজিস্তা আক্তারা বানু, সহকারী অধ্যাপক (বাংলা), বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ।

১০। নিশাত নোমান, নির্বাহী প্রকৌশলী, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

১১। ডাঃ শেখ সাদিয়া মনোয়ারা উষা, মেডিকেল অফিসার, সিভিল সার্জনের কার্যালয়, খুলনা।

সদস্য সচিবঃ

১। সালমা বেগম, সহকারী অধ্যাপক, সরকারী তিতুমীর কলেজ ও সাহিত্য ও সাংস্কৃতি বিষয়ক সম্পাদক, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

কমিটির কর্মপরিধিঃ

১। কর্মকর্তাদের মধ্যে যারা বিভিন্ন সাংস্কৃতিক কর্মকান্ডে পারদর্শী তাঁদের সমন্বয়ে সাংস্কৃতিক পুল গঠন করা;

২। বিসিএস উইমেন নেটওয়ার্ক কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে সাংস্কৃতিক (গান, কবিতা, নৃত্য) অনুষ্ঠান আয়োজন করা;

৩। সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের সম্ভাব্য বাজেট প্রণয়ন করে মূল কমিটির নিকট দাখিল করা;

৪। উপকমিটি প্রয়োজনে সদস্য কো অপ্ট করতে পারবে।

আইসিটি উপকমিটি

আহ্বায়কঃ

১। ড. মোছাঃ ফরিদা পারভীন, উপপরিচালক (প্রকল্প বাস্তবায়ন ও মূল্যায়ন), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

সদস্যঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। তাবাসসুম বিনতে ইসলাম, যুগ্ম মহাপরিচালক (যান্ত্রিক), বাংলাদেশ রেলওয়ে ঢাকা।

২। শারমিন আক্তার, অতিরিক্ত পুলিশ সুপার, সিআইডি।

৩। মাহফুজা লিজা, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, সিটিটিসি, ডিএমপি।

৪। শাকিলা জাহান শিল্পী, বিভাগীয় সিগন্যাল এবং টেলিযোগাযোগ প্রকৌশলী (ডিএসটিই), টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা।

৫। তানিয়া মোস্তফা, উপ-পরিচালক, বাংলাদেশ রেলওয়ে ঢাকা।

৬। শাহানা ফেরদৌস বিথী, নির্বাহী প্রকৌশলী, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

৭। অজান্তা শুকলা তমা, উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।

৮। মাকছুদা বেগম, প্রধান ডিসপ্লে কর্মকর্তা ও প্রকল্প পরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর।

৯। মোছাঃ মাছুদা বেগম, সিনিয়র সহকারী প্রধান, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

১০। ফারহানা হোসেন, সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

সদস্য সচিবঃ

১। রায়হানা তসলিম, প্রকল্প পরিচালক, ৯ টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন প্রকল্প, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও নির্বাহী সদস্য, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

কমিটির কর্মপরিধিঃ

১। এটুআই এর সাথে সার্বক্ষনিক যোগাযোগের মাধ্যমে বিসিএস উইমেন নেটওয়ার্কের ওয়েবসাইট নির্মাণ করা;

২। বিসিএস উইমেন নেটওয়ার্কের ওয়েবসাইট, ফেসবুক পেজে তথ্য আপডেট করার মাধ্যমে ওয়েবসাইট ও ফেসবুক সচল রাখা;

৩। ওয়েবসাইট, ইমেইল, মোবাইলে মেসেজ এবং ফেসবুক পেজের মাধ্যমে সদস্যদের মাঝে বিভিন্ন তথ্য পৌছানো;

৪। উপকমিটি প্রয়োজনে সদস্য কো অপ্ট করতে পারবে।

সাহিত্য উপকমিটি

আহ্বায়কঃ

১। উম্মে সালমা তানজিয়া, যুগ্ম-সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়।

সদস্যঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। কাঞ্চন রানী দত্ত, উপ কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।

২। ডাঃ দূর্বা হালদার, সহযোগী অধ্যাপক (কার্ডিওলোজি বিভাগ), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ।

৩। মোছাঃ ফরিদা ইয়াসমিন, উপ-পুলিশ কমিশনার, প্রফেসনাল স্টান্ডার্ড এন্ড ইন্টারনাল ইনভেস্টিগেশন, ডিএমপি।

৪। রেহানা আকতার, সিনিয়র সহকারী সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, খনিজ ও জ্বালানী বিষয়ক মন্ত্রণালয়।

৫। খাদিজা তাহেরা ববি, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ডিসি অফিস, নারায়ণগঞ্জ।

৬। মাকছুদা খন্দকার, সিনিয়র সহকারী সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, খনিজ ও জ্বালানী বিষয়ক মন্ত্রণালয়।

৭। ডাঃ মানসী সাহা, মেডিকেল অফিসার, ডামুড্যা ইউএইচসি, শরীয়তপুর।

৮। ড. আকতার জাহান কাঁকন, উপজেলা কৃষি অফিসার (এল. আর), মাশরুম উন্নয়ন ইন্সটিটিউট, সাভার, ঢাকা।

৯। উর্মিলা খালেদ, সহযোগী অধ্যাপক, সম্পাদক, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।

সদস্য সচিবঃ

১। তামিমা সুলতানা, সহকারী পরিচালক (এস্টেট), সদর দপ্তর, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা ও নির্বাহী সদস্য, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

কমিটির কর্মপরিধিঃ

১। কর্মকর্তাদের মধ্যে যারা সাহিত্য কর্মে পারদর্শী/ দক্ষ/ আগ্রহী তাঁদের সমন্বয়ে একটি পুল গঠন করা;

২। প্রতিবছর একটি ‘স্বজন’ প্রকাশনা প্রকাশ করার লক্ষ্যে সদস্যদের নিকট থেকে বিভিন্ন লেখা (গল্প, কবিতা, ভ্রমন কাহিনি ইত্যাদি) সংগ্রহ করা;

৩। প্রচার ও প্রকাশনা উপকমিটির সাথে সমন্বয়পূর্বক ‘স্বজন’ প্রকাশনা প্রকাশ করা;

৪। উপকমিটি প্রয়োজনে সদস্য কো অপ্ট করতে পারবে।

Career Development উপকমিটি

আহ্বায়কঃ

১। ফারহিনা আহমেদ, অতিরিক্ত সচিব, জেন্ডার এন্ড সোশাল ডেভেলপমেন্ট স্পেশালিষ্ট (এসইআইপি প্রকল্প), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

সদস্যঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সুবর্ণা চৌধুরী, কমিশনার, ইনকাম ট্যাক্স, ঢাকা ও যুগ্ম-মহাসচিব, বিসিএস উইমেন নেটওয়ার্ক।
২। জেসমিন নাহার, যুগ্ম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৩। হাবিবুন নাহার, উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৪। নাদিরা হায়দার, উপসচিব, মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়।
৫। নাহিদ আফরোজ, উপসচিব (রপ্তানি-৩), বাণিজ্য মন্ত্রণালয়।
৬। নাদিরা সুলতানা, উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৭। মাহবুবা মুনমুন, অতিরিক্ত উপপরিচালক (এল.আর), খামারবাড়ি, ঢাকা।
৮। বিলকিস আকতার, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
৯। লাইলুন নাহার, সহকারী পরিচালক, পর্যবেক্ষণ ও মূল্যায়ন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
১০। ডাঃ সাজিদা নাহিদ, সহকারী অধ্যাপক (রেডিওলোজি এন্ড ইমেজিং), ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।

সদস্য সচিবঃ

১। নাফরিজা শ্যামা, অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান), জাতীয় কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ও নির্বাহী সদস্য, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

কমিটির কর্মপরিধিঃ

১। বিসিএস উইমেন নেটওয়ার্কের সম্মানিত সদস্যবৃন্দের Professionalism, Outfit/ Attire, Behavior, Attitude ইত্যাদি সংক্রান্ত বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ওয়ার্কশপ/সেমিনার/কনফারেন্স/ওয়েবিনার আয়োজন করা;
২। বিভিন্ন প্রশিক্ষণ একাডেমির সাথে যোগাযোগ করে নতুনদের grooming-এ ভূমিকা রাখা;
৩। ওয়ার্কশপ/সেমিনার আয়োজনের সম্ভাব্য বাজেট প্রণয়ন করে মূল কমিটির নিকট দাখিল করা;
৪। উপকমিটি প্রয়োজনে সদস্য কো অপ্ট করতে পারবে।

বাস্তবায়নঃ প্রতিটি উপকমিটির আহ্বায়ক ও সদস্য সচিবগণ উপকমিটিগুলো সক্রিয় করবেন এবং তাঁদের উপর অর্পিত দায়িত্ব পালন করবেন।

বিষয় ২ : বিসিএস উইমেন নেটওয়ার্কের ওয়েবসাইট তৈরি।

আলোচনাঃ মহাসচিব জানান যে, বিসিএস উইমেন নেটওয়ার্কের ওয়েবসাইটটি পুনরায় সচল করার জন্য এটুআই বরাবর গত ২৯/০৯/২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। এ প্রেক্ষিতে এটুআই এর প্রকল্প পরিচালকের সাথে কথা বলে জানা গিয়েছে যে ওয়েবসাইটটি তৈরি হচ্ছে। ওয়েবসাইটটি নির্মান কাজ ও পরিচালনা পদ্ধতি সম্পর্কে ওয়াকিবহাল হওয়ার জন্য একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্বাচন করতে হবে।

সিদ্ধান্তঃ রায়হানা তসলিম, প্রকল্প পরিচালক, ৯ টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন প্রকল্প, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও নির্বাহী সদস্য, বিসিএস উইমেন নেটওয়ার্ক কে ফোকাল পয়েন্ট নির্বাচন করা হলো। তিনি এটুআই এর প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করবেন।

বাস্তবায়নঃ

১। রায়হানা তসলিম, প্রকল্প পরিচালক, ৯ টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন প্রকল্প, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও নির্বাহী সদস্য, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

২। রায়হান সোবহান রাসেল, অফিস কো-অর্ডিনেটর, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

বিষয় ৩ : কর্ম পরিকল্পনা প্রণয়ন।

আলোচনাঃ বর্তমানে প্রত্যেক সরকারী দপ্তরে বাৎসরিক/দ্বিবার্ষিক/ত্রিবার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়নের একটি প্রাকটিস চলছে। নেটওয়ার্কের একটি কর্মপরিকল্পনা থাকলে সে অনুযায়ী কার্যক্রম গ্রহন করা সহজ হবে। এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করে আগামী বছরের জন্য নেটওয়ার্কের মাধ্যমে কী ধরণের কাজ করা যায় এবং কোন কোন দিবস উদ্‌যাপন করা যায় সে বিষয়ে কর্ম পরিকল্পনা প্রস্তুত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ পরবর্তী কার্যনির্বাহী কমিটির সভায় কর্ম পরিকল্পনার খসড়া উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নঃ

১। ড. বিলকিস বেগম, উপসচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও দপ্তর সম্পাদক, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

২। আছমা সুলতানা, উপসচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও সাংগঠনিক সম্পাদক, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

বিষয় ৪ : ক্যাডার ভিত্তিক তথ্য সংগ্রহ।

আলোচনাঃ বিসিএস উইমেন নেটওয়ার্কের সহসভাপতি ফারহিনা আহমেদ বলেন, বাংলাদেশ সিভিল সার্ভিসের ২৭ টি ক্যাডারের নারী কর্মকর্তাদের তালিকা সংগ্রহ, প্রতিটি ক্যাডারে প্রথম নারী কর্মকর্তার নাম, এবং প্রতিটি ক্যাডারে এ পর্যন্ত কর্মরত নারী কর্মকর্তা ও বর্তমানে কর্মরত নারীদের সংখ্যা সংগ্রহ করা প্রয়োজন। যেহেতু

বিসিএস উইমেন নেটওয়ার্ক বাংলাদেশ সিভিল সার্ভিসে কর্মরত নারীদের নিয়ে কাজ করে সে কারণে প্রতিটি ক্যাডারে কর্মরত নারীদের সঠিক তথ্য সংগ্রহ করা প্রয়োজন।

সিদ্ধান্তঃ বাংলাদেশ সিভিল সার্ভিসের ২৭ টি ক্যাডারের নারী কর্মকর্তাদের তথ্য ক্যাডারের প্রতিনিধিদের মাধ্যমে সংগ্রহ করতে হবে।

বাস্তবায়নঃ
১। ড. নাহিদা ফরিদী, প্রথম সচিব (শুল্ক), জাতীয় রাজস্ব বোর্ড ও উন্নয়ন ও গবেষণা বিষয়ক সম্পাদক, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

বিষয় ৫ : নারী কর্মকর্তাদের পদায়ন ও বদলী সংক্রান্ত।

আলোচনাঃ মহাসচিব বলেন, বিভিন্ন মন্ত্রণালয় হতে মাঝে মাঝে নারী কর্মকর্তাদের দূরবর্তী স্টেশনে পদায়ন করা হয়। যাদের শিশু সন্তান আছে তাঁরা বিভিন্ন সময় নানামুখী সমস্যার সম্মুখীন হন। এ সকল সমস্যা দূর করার লক্ষ্যে মন্ত্রণালয়/ বিভাগের সচিব এবং বিভিন্ন অধিদপ্তরের মহাপরিচালকদের সাথে যোগাযোগ স্থাপন করে এ সকল প্রকৃত সমস্যা তুলে ধরা প্রয়োজন।

সিদ্ধান্তঃ একটি প্রস্তাবনা তৈরী করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নঃ
১। সায়লা ফারজানা, মহাসচিব, বিসিএস উইমেন নেটওয়ার্ক ও যুগ্ম-সচিব, স্থানীয় সরকার বিভাগ।

বিষয় ৬ : কর্মকর্তাদের প্রশিক্ষণ মডিউল তৈরি এবং প্রশিক্ষণ কোর্স পরিচালনা করার জন্য একাডেমিগুলোতে চিঠি প্রেরণ।

আলোচনাঃ সভাপতি বলেন, বর্তমানে সিভিল সার্ভিসের কর্মকর্তাদের জন্য বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, প্রশাসন ক্যাডারের জন্য 'আইন ও প্রশাসন প্রশিক্ষণ কোর্স' এবং বিভিন্ন ক্যাডারের কর্মকর্তাদের জন্য বিশেষায়িত প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্ণিত প্রশিক্ষণ কোর্সসমূহে নারী-পুরুষ নির্বিশেষে সকল কর্মকর্তার সামাজিক মনস্তাত্ত্বিক জ্ঞান, পেশাদারিত্ব এবং ইমোশনাল ইন্টেলিজেন্সের আরও উন্নতি হয় এমন মডিউল সংযোজন করে তা বাস্তবায়ন আবশ্যক। জনপ্রশাসন মন্ত্রণালয় সহ সকল ক্যাডারের বিভিন্ন ট্রেনিং একাডেমিতে এ বিষয়ে ইতোপূর্বে চিঠি প্রেরণ করা হয়েছে। চিঠির প্রেক্ষিতে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা পর্যবেক্ষণ করতে হবে।

সিদ্ধান্তঃ ঢাকাস্থ বিভিন্ন প্রশিক্ষণ একাডেমিতে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে বিসিএস উইমেন নেটওয়ার্কের পত্রের প্রেক্ষিতে পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানাতে হবে।

<u>বাস্তবায়নঃ</u>

১। ফারহিনা আহমেদ, অতিরিক্ত সচিব, জেন্ডার এন্ড সোশাল ডেভেলপমেন্ট স্পেশালিষ্ট (এসইআইপি প্রকল্প), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

২। সায়লা ফারজানা, মহাসচিব, বিসিএস উইমেন নেটওয়ার্ক ও যুগ্ম-সচিব, স্থানীয় সরকার বিভাগ।

<u>বিষয় ৭ :</u> অফিস কো-অর্ডিনেটর এর বেতন বৃদ্ধি সংক্রান্ত।

<u>আলোচনাঃ</u>

গত ১৩-১১-২০১৯ তারিখের সভায় অফিস কো-অর্ডিনেটর রায়হান সোবহান রাসেল এর আবেদনের প্রেক্ষিতে ১লা জানুয়ারি ২০২১ হতে মোট বেতন সাকুল্যে ১,০০০/- টাকা বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>সিদ্ধান্তঃ</u> অফিস কো-অর্ডিনেটর এর বেতন ১লা জানুয়ারি ২০২১ হতে সাকুল্যে ১,০০০/- টাকা বৃদ্ধি করা হবে।

<u>বাস্তবায়নঃ</u>

১। সায়লা ফারজানা, মহাসচিব, বিসিএস উইমেন নেটওয়ার্ক ও যুগ্ম-সচিব, স্থানীয় সরকার বিভাগ।

২। শেখ মোমেনা মনি, কোষাধ্যক্ষ, বিসিএস উইমেন নেটওয়ার্ক ও যুগ্ম-সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

আলোচনা শেষে সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্টদের উদ্যোগী হওয়ার আহ্বান জানিয়ে এবং সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/১০/২০২০

(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)
সভাপতি
বিসিএস উইমেন নেটওয়ার্ক
ও
সচিব, খাদ্য মন্ত্রণালয়